কালের কণ্ঠ

তারিখ 22 JAN 2016
পৃষ্ঠা ২৬ কলাম ৬

# প্রাথমিকে সাড়ে ৪ হাজার প্রধান শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু

নিজস্ব প্রতিবেদক ▷

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের চার হাজার ৫১২টি শূন্য পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করেছে সরকার। এ-সংক্রান্ত প্রস্তাবনা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে সরকারি কর্মকমিশনে (পিএসসি) পাঠানো হয়েছে।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার পদমর্যাদা দেওয়ার ফলে এসব পদে প্রথমবারের মতো পিএসসির মাধ্যমে নিয়োগ দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। নিয়ম অনুসারে বিভাগীয় পদোন্নতির মাধ্যমে সহকারী শিক্ষকদের মধ্য থেকে ৬৫ শতাংশ আর পিএসসির প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে ৩৫ শতাংশ নিয়োগ দেওয়া হবে।

দেশের ৬৩ হাজার ৮৬৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৫ হাজারেরও বেশি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ খালি রয়েছে বলে জানা গেছে।